

স্টাডি মেটেরিয়াল

১. প্রত্যক্ষ বা বিশুদ্ধ গণতান্ত্রিক সরকার সম্পর্কে আলোচনা করো।

গণতন্ত্রের' সংজ্ঞা অনুসারে প্রত্যক্ষ গণতন্ত্রই বিশুদ্ধ গণতন্ত্র, কেননা সেখানে প্রত্যেক নাগরিক সরকারী নীতিনির্ধারণে সক্রিয় অংশ গ্রহণ করে। কিন্তু এপ্রকার বিশুদ্ধ গণতন্ত্র বিরল। জনসংখ্যা সীমিত হলে এবং জনগণের সমস্যাবলী সহজ-সরল হলে তবেই বিশুদ্ধ গণতান্ত্রিক শাসন-ব্যবস্থা সম্ভব হতে পারে। প্রাচীন গ্রীসের ছোট ছোট নগররাষ্ট্রে যথা-এথেন্সে (Athens) মোটামুটিভাবে এপ্রকার গণতন্ত্র অল্পকাল প্রচলিত ছিল। এথেন্সের সকল নাগরিক (স্ত্রীলোক, দাস ও বিদেশী ভিন্ন, কেননা তারা 'নাগরিক'রূপে গণ্য ছিল না) মাঝে মাঝে নির্ধারিত কালে ও নির্ধারিত স্থানে এক সভায়, 'নাগরিক সভায়' মিলিত হয়ে পারস্পরিক আলোচনার মাধ্যমে আইন প্রণয়ন করে, আইন নিয়োগের ব্যবস্থা করে, সরকারী বিভিন্ন কাজে কর্মচারী নিযুক্ত করে, অভ্যন্তরীণ ও পররাষ্ট্র সংক্রান্ত নানা সমস্যার সমাধান করে, এমনকি বিচারকার্যও সম্পাদন করে।

সহজ কথায়, রাষ্ট্রের যে কোন গুরুত্বপূর্ণ ও প্রয়োজনীয় বিষয় ঐ 'নাগরিক সভায়' সরাসরি আলোচিত হয়। এভাবে, প্রাচীন গ্রীসের নগররাষ্ট্রগুলিতে সমস্ত নাগরিক প্রত্যক্ষভাবে শাসনকার্যের সঙ্গে যুক্ত থাকায় ঐ প্রকার গণতান্ত্রিক শাসন-ব্যবস্থা প্রত্যক্ষ এবং ঐ প্রত্যক্ষ গণতান্ত্রিক সরকারই, সংজ্ঞা অনুসারে বিশুদ্ধ। বর্তমানকালেও সুইজারল্যান্ডের অন্তর্গত কয়েকটি ক্ষুদ্রায়তন 'ক্যান্টনে' ও 'আধা-ক্যান্টনে' এবং মার্কিন যুক্তরাষ্ট্রের অন্তর্গত কয়েকটি ক্ষুদ্র ক্ষুদ্র অঞ্চলে জনসংখ্যা স্বল্প হওয়ায়, প্রত্যক্ষ গণতান্ত্রিক সরকার প্রচলিত আছে। তবে, ঐসব অঞ্চলকে ছাড়া 'রাষ্ট্র' বলা যাবে না, কেননা তাদের সার্বভৌমত্ব নেই। আসলে ঐসব অঞ্চল সুইজারল্যান্ড ও মার্কিন যুক্তরাষ্ট্রের অংশবিশেষ মাত্র। বর্তমানকালে বৃহদায়তন রাষ্ট্রগুলিতে প্রত্যক্ষ ত্যক্ষ গণতান্ত্রিক শাসন-ব্যবস্থার প্রচলন নেই, কেননা তা সম্ভব নয়।

প্রত্যক্ষ গণতান্ত্রিক সরকারের সুবিধা:

প্রত্যক্ষ গণতান্ত্রিক শাসন ব্যবস্থার কতকগুলি সুবিধা আছে। যথা-

- (১) এই ব্যবস্থায় জনগণ শাসনকার্যের ব্যাপারে সক্রিয় ভূমিকা গ্রহণ করতে পারে বলে তাদের প্রত্যেকের মধ্যে রাজনৈতিক চেতনার উন্মেষ হয় এবং তারা প্রত্যেকেই রাষ্ট্রীয় কাজে উৎসাহ বোধ করে। এর ফলে, প্রত্যেক নাগরিক নিজ নিজ করণীয় কর্ম সুচারুরূপে সম্পাদন করে এবং রাষ্ট্রেরও শ্রীবৃদ্ধিসাধন হয়।
- (২) সরাসরি আলাপ-আলোচনার মাধ্যমে রাষ্ট্র পরিচালনার নীতি নির্ধারিত হওয়ায় রাষ্ট্রের আইন-কানুন সম্পর্কে মানুষের কোন অভিযোগ থাকে না এবং জনজীবনে শান্তি-শৃঙ্খলা বিরাজ করে। প্রত্যক্ষ গণতন্ত্রে রাজনৈতিক স্বৈরাচারের কোন অবকাশ থাকে না। প্রত্যক্ষ গণতান্ত্রিক শাসন-ব্যবস্থার দোষও আছে।